দৈনিক সংবাদ
তারিখ 04 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 3

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

009

## বিনামূল্যে বিতরণের বই

# চট্টগ্রামে শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায়ের অভিযোগ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৭ই ফেব্রুয়ারী।— চট্টগ্রামের প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিনামূল্যে বিতরণের জন্য প্রদত্ত পাঠ্য বইয়ের জন্য মূল্য আদায় করা হচ্ছে। বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষার্থীদের নগদ অর্থ প্রদান করে বই গ্রহণ করতে হচ্ছে।

চট্টগ্রাম জেলার ১৪টি উপজেলা ও মেট্রোপলিটন এলাকার ৬টি থানার ১ হাজার ৮শ' ৯০টি প্রাথমিক বিদ্যালয়ের জন্য এ বছর ৬ লাখ ৯৫ হাজার ৭শ' সেট বই প্রদান করা হয়। গত বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহে বিতরণ শুরু হয় এবং তা গত ১৫ই জানুয়ারীর মধ্যে শেষ হবার কথা।

কিন্তু ২রা ফেব্রুয়ারী পর্যন্ত প্রাপ্ত তথ্যে দেখা গেছে, এপর্যন্ত মাত্র ৯০ শতাংশ বই বিতরণ করা হয়েছে। বাকী বই এখনো জেলা প্রাথমিক শিক্ষা দপ্তরের গুদামে স্তূপীকৃত হয়ে আছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নানা প্রতিকূল অবস্থার কারণে বই বিতরণ শেষ করা যাচ্ছে না বলে জানান। জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিসেট বইয়ের জন্য শ্রেণীভেদে টাকা আদায় করা হচ্ছে। কোন কোন বিদ্যালয়ে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর প্রতিসেট বইয়ের জন্য ১০ থেকে ২৫ টাকা; তৃতীয়, চতুর্থ ও ৫ম শ্রেণীর প্রতিসেট ২০ থেকে ২৫ টাকা আদায় করা হচ্ছে।

মহানগরীর সরাইপাড়া, পাহাড়তলী, বাকলিয়ার কয়েকটি বিদ্যালয়ে এই হার আরো বেশী দেখা গেছে। উপজেলাগুলোতে প্রায় প্রতিটি বিদ্যালয়ে অর্থ-আদায়ের বিভিন্ন চিত্র পাওয়া গেছে। সন্দীপ; হাটহাজারী, মিরসরাই উপজেলার বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত বই খোলা বাজার বিক্রির অভিযোগ এসেছে।

বিনামূল্যের বইয়ে অর্থ আদায়ের ব্যাপারে শিক্ষকদের তরফ থেকে প্রাপ্ত বক্তব্যে বলা হচ্ছে, বিদ্যালয়ের সাহায্যার্থে পরিচালনা কমিটির নির্দেশে চাঁদা হিসেবে এই অর্থ নেয়া হচ্ছে, যা কোনক্রমে বই বিক্রির পর্যায়ে পড়ে না, হাটহাজারী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির একজন কর্মকর্তা জানান, আদায়কৃত অর্থের অর্ধেক উপজেলা শিক্ষা অফিসারকে প্রদান করতে হচ্ছে এবং বাকী অর্থ উপজেলা সদর থেকে বই আনার জন্য পরিবহন খরচ হিসেবে ব্যয় হচ্ছে। উপজেলা শিক্ষা অফিস থেকে অর্থ আদায়ের কথা অস্বীকার করা হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা পরিদপ্তর থেকে বলা হয়েছে, প্রাথমিকবিদ্যালয়ে বই পৌছানোর দায়িত্ব উপজেলা শিক্ষা বিভাগের এবং এক্ষেত্রে পরিবহন ব্যয়ও উপজেলা প্রশাসনের। মহানগরীর বিদ্যালয়গুলোতে ভুয়া শিক্ষার্থীর নামে বই বিতরণের অভিযোগ রয়েছে।

প্রাথমিক শিক্ষা পরিদপ্তর বিনামূল্যে বিতরণকৃত বইয়ের জন্য অর্থ আদায়ের ও খোলাবাজারে বই বিক্রির বিষয়টি অবহিত নয় বলে জানিয়েছে।